

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 14.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) রাজ্যের ৫ জেলার ৬ টি বিধানসভা কেন্দ্রের গতকালের উপনির্বাচনে গড়ে ভোট পড়েছে প্রায় ৭১ শতাংশ।
- ২) তরুণের স্বপ্ন প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে দুর্গীতির ঘটনা এড়াতে এখন থেকে এই সংক্রান্ত যাবতীয় তথ্য পড়ুয়াকে নিজেকেই পোর্টালে আপলোড করতে হবে। দক্ষিণ ২৪ পরগণাতেও ট্যাব কেলেক্ষারিতে এবার বিহারের যোগ পাওয়া গেছে।
- ৩) মহিলাদের স্বনির্ভর হওয়ার নিরিখে এরাজ্য বিশ্বের মধ্যে শীর্ষে রয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন।
- ৪) হাওড়া, বর্ধমান কড় লাইনে সিগনালিং এবং দক্ষিণ-পূর্ব রেলের সংযোগ সহ ইলেক্ট্রনিক ইন্টারলকিং-এর কাজ চলার জন্য আজ থেকে রবিবার পর্যন্ত হাওড়া ডিভিশনে পূর্ব রেল ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করবে।
- ৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী প্রয়াত জওহরলাল নেহেরুর জন্মদিনটি শিশু দিবস হিসেবে পালিত হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ৫ জেলার ৬ টি বিধানসভা কেন্দ্রের গতকালের উপনির্বাচনে গড়ে ভোট পড়েছে প্রায় ৭১ শতাংশ। এর মধ্যে সবচেয়ে বেশি ৭৬ শতাংশ ভোট পড়েছে উত্তর ২৪ পরগনার হাড়োয়া কেন্দ্রে। এরপরেই রয়েছে তালডাংরা, ভোট পড়েছে ৭৫ দশমিক দুই শূন্য শতাংশ। মেদিনীপুরে ৭২ শতাংশের বেশি, সীতাই-এ ৭১ দশমিক দুই পাঁচ, মাদারিহাটে ৬৫ এবং নৈহাটিতে ৬৪ শতাংশের কিছু বেশি ভোট পড়েছে বলে নির্বাচন কমিশন সূত্রের খবর। গতকালের উপ-নির্বাচনে বিক্ষিণ্ড কিছু ঘটনার খবর পাওয়া। ৩৪২-টি অভিযোগ কমিশনে জমা পড়েছে। এর মধ্যে বিজেপি-র পক্ষ থেকে ৬৬, তৃণমূল কংগ্রেসের ৫, কংগ্রেস ও সিপিআইএম-এর ৩ করে অভিযোগ জমা পড়ার খবর পাওয়া গেছে।

এদিকে, উত্তর ২৪ পরগনার ভাটপাড়া পুরসভার ১২ নম্বর ওয়ার্ডে প্রাক্তন তৃণমূল কংগ্রেস ওয়ার্ড সভাপতি অশোক সাউ-এর হত্যার ঘটনায় নির্বাচন কমিশন প্রশাসনের কাছে রিপোর্ট তলব করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার ভাটপাড়া পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের প্রাক্তন তৃণমূল কংগ্রেস ওয়ার্ড সভাপতি অশোক সাউ-কে গুলি করে হত্যার ঘটনায় পুলিশ কওসর আলি নামে একজনকে গ্রেফতার করেছে। ধৃত প্রত্যক্ষভাবে এর সঙ্গে জড়িত ছিলে বলে পুলিশের দাবি।

আগেই জানানো হয়েছে, গতকাল পালঘাট রোড এলাকায় দোকানে চা খাওয়ার সময় কয়েকজন দুষ্কৃতি তাঁকে গুলি করে। আশঙ্কাজনক অবস্থায় অশোক সাউকে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক তর্জ।

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল আগরপাড়ায় এক পারিবারিক অনুষ্ঠানে যোগ দিয়ে গতকালের উপ-নির্বাচনে বিক্ষিপ্ত গভর্নেট এবং এই খনের ঘটনা নিয়ে বলেন, এর জন্য রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী মমতা ব্যানার্জীই দায়ী।

(বাইট - শুভেন্দু)

ব্যারাকপুরের তৃণমূল কংগ্রেস সাংসদ পার্থ ভৌমিক বলেন, দুষ্কৃতিদের মধ্যে গভর্নেটের জেরে এই হত্যা। এর সঙ্গে তৃণমূলের কোন সম্পর্ক নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তরুনের স্বপ্ন প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে দুর্নীতির ঘটনা এড়াতে এখন থেকে এই সংক্রান্ত যাবতীয় তথ্য পড়ুয়াকে নিজেকেই পোর্টালে আপলোড করতে হবে। তথ্য ঠিকমত আপলোড হল কিনা পড়ুয়ারা যেন তা যাচাই করতে পারে সেই পথও খোলা থাকবে বলে রাজ্য শিক্ষা দপ্তর সূত্রে জানা গিয়েছে। প্রয়োজনে পোর্টালটিকে আরও সুরক্ষিত করে তুলতে আধুনিকীকরণও করা হবে। এই দুর্নীতির ঘটনায় পুলিশের পাশাপাশি ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টারকেও বিষয়টি দেখতে বলা হয়েছে। ইতিমধ্যে একটি মান্য কার্যবিধি তৈরি করা হয়েছে বলে জানিয়েছে সংস্থা।

উল্লেখ্য এই ঘটনায় এখনও পর্যন্ত রাজ্যের বিভিন্ন জায়গা থেকে ৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

উত্তর দিনাজপুরের চোপড়া থানা এলাকা থেকে গতকাল আরও ২ জন এবং মালদা থেকে ৪ জনকে পুলিশ গ্রেফতার করে।

এই বিষয়ে তৃণমূল কংগ্রেসের মুখ্যপাত্র কুনাল ঘোষ বলেন, কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রক এধরনের প্রতারণা রুখতে ব্যর্থ।

এদিকে, এবার দক্ষিণ ২৪ পরগনাতেও ট্যাব কেলেক্ষারিতে বিহারের যোগ পাওয়া গেছে। এই জেলার প্রায় সাড়ে ৩-শো পড়ুয়ার ট্যাবের টাকা অন্যের অ্যাকাউন্টে ঢুকেছে

বলে জেলা বিদ্যালয় সংসদ সূত্রে জানা গেছে। তালিকায় রয়েছে প্রত্যন্ত সাগর, গোসাবা, কুলতলী থেকে শহরতলির সোনারপুর, বারুইপুর, বজবজ ও মহেশতলার একাধিক স্কুলের নাম। সাগরের মহেন্দ্রগঞ্জ হাইস্কুলে ৩১ জন পড়ুয়ার টাকা অন্যের অ্যাকাউন্টে চুকেছে বলে সাগর থানায় অভিযোগ দায়ের হয়েছে। এই টাকা বিহারের কোন একটি অ্যাকাউন্টে গেছে বলে পুলিশের প্রাথমিক অনুমান। এছাড়াও কুলপীর মদনমোহন হাইস্কুলে ১৫, মগরাহাটে চক পড়ান, কাঁটাখালি বেলমণি গার্লস্ হাইস্কুলের ১২ জনের টাকাও বিহারের কোন একটি অ্যাকাউন্টে চুকেছে বলে পুলিশ জানিয়েছে। দক্ষিণ শহরতলির দুটি স্কুলে মোট ২৩ জনের এবং গোসাবার দুটি স্কুলের ২০ এবং কুলতলির একটি স্কুলের ১৩ জনের টাকাও অন্যত্র ঢেকার খবর পাওয়া গেছে। প্রায় ৪-শো পড়ুয়ার টাকা এখন অ্যাকাউন্টে ঢেকেনি। ট্যাবের টাকার গরমিল সামাল দিতে জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক) নজরুল হক সিপাই জেলাশাসক সুমিত গুপ্তার সঙ্গে জরুরী বৈঠক করেছেন। প্রত্যেক স্কুলকে এধরনের ঘটনায় সঙ্গে সঙ্গে থানায় অভিযোগ জানাতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মহিলাদের স্বনির্ভর হওয়ার নিরিখে এরাজ্য বিশ্বের মধ্যে শীর্ষে রয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। দার্জিলিং-এ গতকাল সপ্তম সরস মেলার সূচনা করে জিটিএ প্রধান অনীত থাপাকে সামনে রেখে পাহাড়ের উন্নয়ন এগিয়ে নিয়ে যাওয়ার এবং এক্যের বার্তা দেন তিনি।

রাজ্য এখন বারো লক্ষ স্বনির্ভর গোষ্ঠী রয়েছে। জিটিএ এলাকায় ১১ হাজার স্বনির্ভর গোষ্ঠী তৈরি করতে রাজ্য সরকার ৫০০ কোটি টাকা খনের ব্যবস্থা করেছে। পড়ুয়া ও যুবদের কথা মাথায় রেখে সরকার একাধিক প্রকল্প হাতে নিয়েছে। পাহাড়ে পর্যটনের বিকাশে রাজ্য সরকার কাজ করছে। বিশেষ করে হোমস্টে-র সংখ্যা বাড়াতে সরকার তৎপর বলে তিনি জানান।

(বাইট)

কার্শিয়াং-এ প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় ক্যাম্পাস দ্রুত চালু করার বিষয়ে
জেলাশাসককে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে কথা বলারও নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

এই অনুষ্ঠানেই তিনি পানীয় জল, স্বাস্থ্য, নার্সিং প্রশিক্ষণ ও অঙ্গনওয়াড়ি কেন্দ্র সহ
৫৬টি প্রকল্পের সরকারি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। এর জন্য খরচ হচ্ছে
১৬১ কোটিরও বেশি টাকা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, স্টেট এডেড কলেজ টিচার'স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন" মুখ্যমন্ত্রীর
দৃষ্টি আকর্ষণ করতে গতকাল শিলিগুড়িতে মিছিল করে। ইএফ,ইপিএফ,সাম্মানিক ভাতা
বৃন্দি, মিউচুয়াল ট্রান্সফার,হেলথ স্কিম,চাইল্ড কেয়ার লিভ,অবসরের বয়স বৃন্দি সহ মোট
১০দফা দাবিতেই তাদের এই আন্দোলন। দীর্ঘক্ষণ বিক্ষেপ দেখানোর পর অবশেষে
পাঁচ জনের একটি প্রতিনিধি দল তাদের দাবি সম্মিলিত স্মারকলিপি উত্তরকন্যার
আধিকারিকদের হাতে তুলে দেন।

উল্লেখ্য উত্তরবঙ্গ সফরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আজ দার্জিলিঙ্গে রয়েছেন

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অস্ত্রের বেআইনি কারবারে জড়িত থাকার অভিযোগে তিনি মহিলা সহ চারজনকে
গ্রেপ্তার করেছে বর্ধমান থানার পুলিস। ধৃতদের বর্ধমান সিজেএম আদালতে পেশ করা
হলে তিনদিনের পুলিসি হেফাজতের নির্দেশ দেন ভারপ্রাপ্ত সিজেএম। ধৃত মনা দাস,
সঙ্গীতা দাস, রিনা দাস ও সুনীতা সাউর বাড়ী বর্ধমান শহরের লক্ষ্মীপুরমাঠ এলাকায়।
পুলিস জানিয়েছে, গতকাল সকালে বর্ধমান শহরের গোদা এলাকায় একটি পরিত্যক্ত
বাড়িতে ওই চারজন জড়ো হওয়ার খবর পেয়ে হানা দিয়ে তাদের ধরা হয়। দু'টি
পাইপগান ও ৬ রাউন্ড গুলি উদ্বার হয়েছে। খন্দেরের হাতে অন্ত তুলে দেওয়ার জন্য

তারা পরিত্যক্ত বাড়িটিতে অপেক্ষা করছিল বলে পুলিসের দাবি। এর আগেও এঁরা অন্তর্বিক্রি করেছে বলে জেনেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের পানাগড় বাজারের মাধব মাঠে পরিত্যক্ত গাড়ির কেবিনের ভেতর খেলতে গিয়ে আগুনে ঝলসে চার শিশু গুরুতর আহত হয়। জানা গেছে, গতকাল দুপুরে রাইস মিল রোডে শিবা সিং, গোলু সিং, অরুণ সাউ এবং পূর্বা সাউ নামের ওই চারটি শিশু খেলার সময় হঠাত গাড়ির ভেতর আটকে পড়ে। সে সময় হঠাত গাড়ি থেকে ধোঁয়া বেরতে শুরু হয়। চিকার শুনে স্থানীয়রা সেখানে ছুটে যায়। গুরুতর অসুস্থ অবস্থায় চারজনকেই হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তাদের মধ্যে দু-জন একটি বে-সরকারী হাসপাতালে চিকিৎসাধীন। উদ্বার করতে যাওয়া একজন স্থানীয় বাসিন্দাও অসুস্থ হয়ে পড়েন। গাড়ির ভেতর প্রদীপ নিয়ে খেলতে গিয়েই এই দুর্ঘটনা বলে এলাকার মানুষের দাবি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের মসাগ্রাম স্টেশনের সঙ্গে দক্ষিণ পূর্ব রেলের সংযোগ সহ নতুন ইলেক্ট্রনিক ইন্টারলকিং স্থাপন ও ইয়ার্ড রিমডেলিং এর জন্য হাওড়া - বর্ধমান কর্ড লাইনের আপ, ডাউন ও রিভার্স লাইনে সিগন্যালিং এর কাজ চলবে। এরফলে আজ থেকে রবিবার (১৭ নভেম্বর) পর্যন্ত হাওড়া ডিভিশনে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। বেশ কিছু মেল এক্সপ্রেস ও সুপার ফাস্ট ট্রেন বাতিল ও কিছু ট্রেনকে ঘুরপথে চালানো হবে। পাশাপাশি সংশ্লিষ্ট দিন গুলিতে কয়েকটি লোকাল ট্রেন ও বাতিল করা হচ্ছে বলে পূর্ব রেল সূত্রে জানা গেছে।

এদিকে, গুরু নানকের জন্মদিন উপলক্ষে আগামীকাল কলকাতা মেট্রোর ব্লু লাইনে ২৮৮-টির পরিবর্তে ২৩৬-টি এবং গ্রীণ লাইন ১-এ ১০৬-টির পরিবর্তে ৯০-টি চালানো হবে।

অন্যদিকে, পূর্বেল কলকাতা-হলদিবাড়ি-কলকাতা এক্সপ্রেসে অতিরিক্ত তিনটি শীতাতপ নিয়ন্ত্রিত কোচ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।

গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে রেল জানিয়েছে, বিভিন্ন জনপ্রিয় মেল ও এক্সপ্রেস ট্রেনে যাত্রীদের সামগ্রিক ভ্রমণ অভিজ্ঞতা উন্নত করার লক্ষ্যে পর্যায়ক্রমে শীতাতপ নিয়ন্ত্রিত কোচের সংখ্যা বাড়ানো হচ্ছে। আজ থেকে ট্রেনটি কলকাতা থেকে এবং আগামীকাল হলদিবাড়ি থেকে ছাড়বে। পরিষেবাটি স্থায়ীভাবে কার্যকর হবে। কলকাতা-হলদিবাড়ি-কলকাতা এক্সপ্রেস ১৫টি কোচের পরিবর্তে ১৮টি কোচ নিয়ে চলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাসযাত্রা উৎসব উপলক্ষ্যে পূর্ব রেল যাত্রীদের সুবিধার্থে বিশেষ EMU লোকাল চালানোর সিদ্ধান্ত নিয়েছে। রাশ যাত্রায় যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদহ ডিভিশন আগামীকাল থেকে ১৮ নভেম্বর পর্যন্ত শিয়ালদহ -শান্তিপুর শাখার সমস্ত আপ ও ডাউন EMU ট্রেনগুলির জন্য বাথনা কৃতিবাস (BTKB) হল্ট স্টেশনে থামবে। এছাড়াও, আগামী ১৬ ও ১৭ নভেম্বর এবং ১৭ ও ১৮ নভেম্বর তারিখের মধ্যবর্তী রাতে শিয়ালদহ -শান্তিপুর শাখায় একটি বিশেষ EMU ট্রেন চালান হবে। এই বিশেষ ট্রেন গুলি যাত্রাপথের উভয় দিকে সমস্ত ফ্ল্যাগ স্টেশন ও হল্ট স্টেশন গুলিতে থামবে বলে পূর্ব রেল সূত্রের খবর।

অন্যদিকে, দেব দীপাবলি উৎসব উপলক্ষ্যে আগামীকাল কলকাতার বাবুঘাটে (বাজে কদমতলা ঘাট) প্রচুর মানুষের সমাগম হওয়ার সম্ভাবনা থাকায় ওই দিন চক্ররেল চলাচলে নিয়ন্ত্রণ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল সারা দেশের বিভিন্ন রেলস্টেশনে ১৮ টি প্রধানমন্ত্রী ভারতীয় জনৌষধি কেন্দ্র জাতির উদ্দেশ্যে উত্সর্গ করেছেন। বিহারের দ্বারভাঙা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে শ্রী মোদী এই জনৌষধি কেন্দ্র সহ একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করেন।

এর মধ্যে কুঁদঘাট অঞ্চলে নেতাজি মেট্রো স্টেশন চতুরের একটি জনৌষধি কেন্দ্র। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতা মেট্রো রেলের জেনারেল ম্যানেজার পি উদয় কুমার রেডিডি, কলকাতা মেট্রো তথা পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র সহ বিশিষ্ট ব্যক্তিরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য আগামীকালের পর শীত অনুভূত হবে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানান, ইত্মধ্যেই শীতের শুক্র হাওয়া রাজ্য প্রবেশ করছে।

(বাইট - সোমনাথ

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী প্রয়াত জওহরলাল নেহেরুর জন্মদিনটি শিশু দিবস হিসেবে পালিত হচ্ছে। আজ কলকাতার প্রদেশ কংগ্রেস কার্যালয়ে এই উপলক্ষ্যে এক অনুষ্ঠান তাঁকে শ্রদ্ধা জানানো হবে। দেশ স্বাধীন হওয়ার পর উন্নত ভারত গড়ার লক্ষে তাঁর ঐকান্তি চেষ্টা ও আগ্রহে সরকারী উদ্যোগে বিভিন্ন শিল্প স্থাপন বিশেষ উল্লেখযোগ্য। শিশুদের প্রতি ছিল তাঁর অফুরান ভালোবাসা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০